দৈনিক ইনকিলাব

তারিখ ... ... SEP. 17 1999

পৃষ্ঠা ৩ কলাম ১ ......

ইস্পাহানী কলেজ ছাত্রীকে পর্দা করার অপরাধে বহিষ্কার

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৫৬ জন শিক্ষকের তীব্র নিন্দা ও ক্ষোভ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ইস্পাহানী কলেজের ছাত্রী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান ড. সৈয়দ মোহাম্মদ আতহারের কন্যা সৈয়দা আতিয়া বেগমকে পর্দা করার অপরাধে কলেজের প্রিন্সিপাল কর্তৃক হেনস্তা ও অন্যায়ভাবে কলেজ থেকে বের করে দেয়ার ঘটনায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৫৬ জন শিক্ষক তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছেন। শিক্ষকবৃন্দ এক যুক্ত বিবৃতিতে কলেজ প্রিন্সিপালের প্রতিবাদ ও ছাত্রীর অভিভাবকের পাল্টা জবাবের পরিপ্রেক্ষিতে একটি সুষ্ঠু সমাধানের জন্য ঘটনার পুঙ্খানুপুঙ্খ তদন্ত করার জন্য কলেজ পরিচালনা কর্তৃপক্ষের প্রতি পরামর্শ দিয়েছেন।।

বিবৃতিতে স্বাক্ষরকারী শিক্ষকবৃন্দের মধ্যে রয়েছেন প্রফেসর নূরুদ্দীন চৌধুরী, ডঃ মোজাফফর হোসাইন, ডঃ হাফিজুল্লাহ খান, ডঃ কামাল উদ্দিন, প্রফেসর রশিদুন্নবী, প্রফেসর আনিসুল ইসলাম, মনসুর উদ্দিন আহমদ, ডঃ মোঃ মহিউদ্দিন, হোসেন জামাল, ডঃ এমএ মালেক চৌধুরী, ডঃ শামসুদ্দিন, ডঃ নুরুল মোস্তফা ডঃ মুনীরুল ইসলামডঃ বদিউল আলম, প্রফেসর আবদুন নূর, ডঃ মোঃ মাহবুব উল্লাহ, ডঃ মুনীরা নাসির উদ্দিন, অধ্যাপক শামসুন নাহার, অধ্যাপক ইসমত আরা হক, ডঃ শাহনারা বেগম. ডঃ মোঃ মহিউদ্দিনসহ মোট ৫৬ জন।